



সাপ্তাহিক পুস্তিকা: ৪১৪
WEEKLY BOOKLET: 414

শৌকরের বরকত



নেয়ামতের উপর নেয়ামত

০৪

এক ব্যক্তির বরকতে সকলের চাহিদা পূরণ

১১

ধর্ম থেকে নিরাপদ

০৯

ওয়ারিফার ফল লাভের শর্তাবলী

১৫

প্রথমে এটি পড়ুন

আশিকারে রাসূলের দ্বীনি সংগঠন দাওয়াতে ইসলামীর মজলিস "আল মদীনাতুল ইলমিয়া (ইসলামিক রিসার্চ সেন্টার)"-এর পক্ষ থেকে কয়েক বছর আগে দুটি কিতাব "الشُّكْرُ لِلَّهِ" (উর্দু নাম:শোকর কে ফাযায়িল) এবং "জলদবাজি কে নুকসানাত" প্রকাশিত হয়েছিল। এই দুটি কিতাব পড়া প্রত্যেক মুসলমানের জন্য অত্যন্ত উপকারী। "الشُّكْرُ لِلَّهِ" কিতাবটি প্রায় সাড়ে এগারোশ বছর পূর্বের মহান বুয়ুর্গ হযরত ইমাম আবু বকর আব্দুল্লাহ বিন মুহাম্মদ কুরাইশী প্রকাশ ইমাম ইবনে আবিদ দুনিয়া رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর লেখা, যার উর্দু নাম 'শোকর কে ফাযায়িল' আর "জলদবাজি কে নুকসানাত" কিতাবটি "আল মদীনাতুল ইলমিয়া"-এর বিভাগ "সংশোধনমূলক কিতাব" থেকে প্রস্তুত করা হয়েছে। এই দুটি কিতাব এর বিষয়বস্তু ও প্রবন্ধের দিক থেকে খুকিতাব চমৎকার। আমীরে আহলে সুন্নাত, দাওয়াতে ইসলামীর প্রতিষ্ঠাতা হযরত আল্লামা মাওলানা মুহাম্মদ ইলইয়াস আত্তার কাদেরী دَامَتْ بَرَكَاتُهُمُ الْعَالِيَةِ বহুবাব মাদানী মুযাকারায় 'শোকর কে ফাযায়িল' কিতাবটি পড়ার জন্য উৎসাহিত করেছেন। اَلْحَمْدُ لِلّٰهِ এই পুস্তিকায় সেই দুটি কিতাবের বিভিন্ন স্থান থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয় সংগ্রহ করা হয়েছে। এই পুস্তিকাটি পড়ার মাধ্যমে দ্বীনি ইলমের প্রতি আগ্রহী ব্যক্তিদের মধ্যে দুটি কিতাব পড়ার মানসিকতা তৈরি হবে। আল্লাহর সন্তুষ্টি এবং সাওয়াব অর্জনের জন্য নিজেও পড়ুন এবং নিজের মৃত আত্মীয়-স্বজনের ইসালে সাওয়াবের জন্য বিতরণও করুন। আল্লাহ পাক এই কিতাবগুলোর উপর কাজ করা ব্যক্তিদের জ্ঞান ও আমলে প্রচুর বরকত দান করো এবং আমাদেরকে এই কিতাবগুলোর ফয়েয দ্বারা ধন্য করো। اٰمِيْن بِجَاوِخَاتِمِ النَّبِيِّ صَلَّى اللهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

মদীনা, বকী ও বিনা হিসেবে ক্ষমা প্রার্থী
আবু মুহাম্মদ তাহির আত্তারী মাদানী رَحْمَةُ اللهِ عَلَيْهِ
সাপ্তাহিক পুস্তিকা অধ্যয়ন বিভাগ

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ وَالصَّلَاةُ وَالسَّلَامُ عَلَى خَاتَمِ النَّبِيِّينَ ط
أَمَّا بَعْدُ فَأَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ ط بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ط

শোকরের বরকত

আভারের দোয়া: হে রাব্বের করীম! যে ব্যক্তি এই "শোকরের বরকত" পুস্তিকাটি পড়ে বা শুনে নিবে, তাকে সর্বাবস্থায় ধৈর্য ও শোকর করার তাওফীক দান করো এবং তাকে, তার পিতামাতা ও পরিবারসহ বিনা হিসাবে ক্ষমা করে দাও।
أَمِين بِحَاجَةِ خَاتَمِ النَّبِيِّينَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ

দরুদ শরীফের ফযিলত

আল্লাহ পাকের সর্বশেষ নবী صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ ইরশাদ করেন: اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَأَنْزِلْهُ الْمَقْعَدَ الْمُقَرَّبَ عِنْدَكَ يَوْمَ الْقِيَامَةِ যে ব্যক্তি এভাবে দরুদ শরীফ পাঠ করবে, তার জন্য আমার শাফায়াত ওয়াজিব হয়ে যাবে।

(আত তারগীব ওয়াত-তারহীব, ২/৩২৯, হাদীস: ৩০)

صَلُّوا عَلَى الْحَبِيبِ! صَلَّى اللَّهُ عَلَى مُحَمَّدٍ

“শোকর কে ফাযায়িল” কিতাব থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয়

☆ ... মহান তাবেয়ি, বুয়ুর্গ হযরত ইমাম হাসান বসরী رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: নিঃসন্দেহে আল্লাহ পাক যতক্ষণ চান, নিজের নেয়ামত দ্বারা মানুষকে উপকৃত করতে থাকেন এবং যখন তাঁর অকৃতজ্ঞতা জ্ঞাপন করা হয়, তখন তিনি সেটাকেই তাদের জন্য আযাব বানিয়ে দেন। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ১০)

☆ ... মুসলমানদের চতুর্থ খলীফা হযরত মওলা আলী رَضِيَ اللَّهُ عَنْهُ হামদানের এক ব্যক্তিকে বলেছিলেন: নিঃসন্দেহে নেয়ামতের সম্পর্ক শোকরের সাথে এবং শোকরের সম্পর্ক নেয়ামতের বৃদ্ধির সাথে, এই দুটি একে অপরের জন্য অপরিহার্য। সুতরাং আল্লাহ পাকের পক্ষ থেকে নেয়ামতের বৃদ্ধি ততক্ষণ পর্যন্ত বন্ধ হয় না, যতক্ষণ পর্যন্ত বান্দার পক্ষ থেকে শোকর বন্ধ না হয়। (শোকর কে ফায়িল, পৃষ্ঠা ১১)

নেয়ামত মৃত্যু পর্যন্ত স্থায়ী থাকবে

☆ ... নবী করীম صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ ইরশাদ করেন: আল্লাহ পাক কোনো বান্দাকে পরিবার, সম্পদ এবং সন্তানের রূপে কোনো নেয়ামত দান করার পর সে যদি বলে: اللَّهُ لَا إِلَهَ إِلَّا اللَّهُ অর্থাৎ যা আল্লাহ পাক চান, নেকী করার শক্তি তাঁরই তাওফীকে হয় (অর্থাৎ শোকর আদায় করে), তাহলে সে মৃত্যু ছাড়া আর কোনো বিপদে পড়বে না।

(গুআবুল ইমান, ৪/৮৯, হাদীস: ৪৩৬৯) (শোকর কে ফায়িল, পৃষ্ঠা ২০)

শোকরের ভিত্তি

☆ ... শোকরের আসল ভিত্তি হল, মানুষ নেয়ামতের ধারণা ও তা প্রকাশ করবে এবং শোকরের বাস্তবতা হল, নেয়ামতদাতার নেয়ামতকে তার মহত্ত্বের সাথে স্বীকার করা এবং নফসকে এর অনুগত করা। এখানে একটি সূক্ষ্ম বিষয় হল, যখন বান্দা আল্লাহ পাকের নেয়ামতসমূহ এবং তাঁর বিভিন্ন ধরনের অনুগ্রহ ও করুণার কথা চিন্তা করে, তখন সে তাঁর শোকরে লিপ্ত হয়। এর ফলে নেয়ামত বৃদ্ধি পায় এবং বান্দার অন্তরে আল্লাহ পাকের প্রতি ভালোবাসা বাড়তে থাকে। এই স্তরটি অত্যন্ত উচ্চ এবং এর থেকেও

উচ্চতর স্তর হল, নেয়ামতদাতার প্রতি ভালোবাসা এতটা প্রবল হয়ে যায় যে, অন্তর নেয়ামতের দিকে আর মনোযোগ দেয় না। এটি সিদ্দিকীনদের স্তর। আল্লাহ পাক আপন অনুগ্রহে আমাদেরকে শোকর করার তাওফীক দান করা। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ২১)

নেয়ামতের উপর নেয়ামত

★ ... হযরত আবু আকীল رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন যে, আমি হযরত বকর বিন আব্দুল্লাহ رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ কে বলতে শুনেছি: "বান্দা যখনই اَلْحَمْدُ لِلَّهِ বলে, তখন اَلْحَمْدُ لِلَّهِ বলার বরকতে তার জন্য একটি নেয়ামত অপরিহার্য হয়ে যায়।" আমি জিজ্ঞাসা করলাম: সেই নেয়ামতের প্রতিদান কী? তিনি বললেন: তার প্রতিদানও বান্দার اَلْحَمْدُ لِلَّهِ বলাই। সুতরাং এটি বলতেই তার কাছে আরেকটি নেয়ামত এসে যায়, কারণ আল্লাহ পাকের নেয়ামত শেষ হয় না।
(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ২৩)

নেয়ামতসমূহ স্মরণের মাধ্যমে আল্লাহর ভালবাসা বৃদ্ধি পায়

★ ... হযরত আবু সুলাইমান ওয়াস্তি عَلَيْهِ السَّلَام বলেন: আল্লাহ পাকের নেয়ামতসমূহ স্মরণ করার দ্বারা অন্তরে তাঁর প্রতি ভালোবাসা সৃষ্টি হয়।
(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ২৮)

প্রতিপালকের দরবারে উপস্থিতি

★ ... হযরত আব্দুল্লাহ বিন সালাম رَضِيَ اللَّهُ عَنْهُ বলেন: নিঃসন্দেহে আল্লাহ পাক কিয়ামতের দিন তাঁর বান্দাকে নিজের দরবারে উপস্থিত করে তাঁর নেয়ামতসমূহ গণনা করাবেন। এতটুকু বলার পর হযরত আব্দুল্লাহ বিন সালাম رَضِيَ اللَّهُ عَنْهُ অনেক কাঁদলেন এবং বললেন: আমি আশা করি যে,

আল্লাহ পাক বান্দাকে তাঁর দরবারে উপস্থিত করার পর আযাব দেবেন না।
(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৩০)

ভয়ের কথা

★ ... আল্লাহ পাকের প্রিয় নবী ﷺ করেন: যখন তুমি দেখবে যে, আল্লাহ পাক বান্দাকে তাঁর অবাধ্যতা সত্ত্বেও তার ইচ্ছানুযায়ী দান করছেন, তখন তা তাঁর পক্ষ থেকে তাকে অবকাশ দেওয়া মাত্র।

(মুসনাদে আহমাদ, ৬/১২২, হাদীস: ১৭১৩১) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৩৪)

হযরত দাউদ عَلَيْهِ السَّلَام এর শোকর

★ ... হযরত দাউদ عَلَيْهِ السَّلَام আল্লাহ পাকের এভাবে প্রশংসা করেছেন: “الْحَمْدُ لِلَّهِ حُذًا كَمَا يَنْبَغِي لِكُورْمٍ وَجْهِي حَلَّ جَلَالُهُ” (অর্থাৎ আল্লাহ পাকের জন্য এমন প্রশংসা, যা আমার প্রতিপালকের মহান সত্তার জন্য শোভনীয়।) তখন আল্লাহ পাক তাঁর প্রতি ওহী অবতীর্ণ করলেন: হে দাউদ! তুমি ফেরেশতাদের কষ্টে ফেলে দিয়েছ। (অর্থাৎ এমন প্রশংসা ফেরেশতারাও করতে পারেনি)। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৩৬) (শুআবুল ইমান, ৪/১৩৯, হাদীস: ৪৫৮২)

আল্লাহর যিকিরে জিহ্বা সিক্ত

★ ... হযরত মূসা কালীমুল্লাহ عَلَيْهِ السَّلَام আল্লাহর দরবারে আরয করলেন: হে আল্লাহ পাক! তোমার শোকর কিভাবে আদায় করা উচিত? ইরশাদ হল: হে মূসা! তোমার জিহ্বা যেন সর্বদা আমার যিকিরে সিক্ত থাকে।

(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৩৮)

আফসোস! অবাধ্যতার পরও পুরস্কারের বর্ষণ

☆ ... হযরত মালিক বিন দীনার رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আমি একটি কিতাবে পড়েছি যে, আল্লাহ পাক ইরশাদ করেন: হে আদম সন্তান! তোমার প্রতি আমার কল্যাণ অবতীর্ণ হয়, কিন্তু আমার কাছে তোমার অকল্যাণ পৌঁছায়। আমি নেয়ামতের মাধ্যমে তোমার প্রতি আমার ভালোবাসা প্রকাশ করি আর তুমি আমার অবাধ্যতা করে আমার যিকির থেকে উদাসীন থাকো এবং সম্মানিত ফেরেশতা সর্বদা তোমার খারাপ আমলই আমার কাছে নিয়ে উপস্থিত হয়। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৩৯)

ক্ষমার সুসংবাদ

☆ ... আল্লাহ পাকের সর্বশেষ নবী صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ ইরশাদ করেন: আল্লাহ পাক কোনো বান্দাকে নেয়ামত দান করেন এবং সে এই বিশ্বাস রাখে যে, এটি আল্লাহ পাকের পক্ষ থেকে এসেছে, তখন আল্লাহ পাক তার জন্য সেই নেয়ামতের শোকর আদায় করা লিখে দেন। আর যখন আল্লাহ পাক কোনো গুনাহের উপর বান্দার লজ্জা দেখেন, তখন তার ক্ষমা চাওয়ার আগেই তাকে ক্ষমা করে দেন। আর যখন কোনো ব্যক্তি দীনারের বিনিময়ে কাপড় কিনে পরিধান করে এবং আল্লাহ পাকের শোকর আদায় করে, তখন কাপড় তার হাঁটু পর্যন্ত পৌঁছানোর আগেই আল্লাহ পাক তাকে ক্ষমা করে দেন।

(মুসতাদদরাক, ২/১৯৬, হাদীস: ১৯৩৭) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৪১)

ক্ষমা করে দেওয়া হয়

☆ ... হযরত মুয়াবিয়া বিন কুররা رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: যে ব্যক্তি নতুন কাপড় পরার সময় بِسْمِ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ বলে, তাকে ক্ষমা করে দেওয়া হয়। আর যে

খাবার খাওয়ার সময় بِسْمِ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ বলে, তাকেও ক্ষমা করে দেওয়া হয়। আর যে পানি পান করার সময় بِسْمِ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ বলে, তারও ক্ষমা করে দেওয়া হয়। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৪১)

☆ ... নবী করীম ﷺ ইরশাদ করেন: যখন আল্লাহ পাক কোনো বান্দাকে নেয়ামত দান করেন, তখন তিনি তার উপর নিজের নেয়ামতের প্রভাব দেখতে পছন্দ করেন।

(মুজাম্মুল কবীর, ১৮/১৩৫, হাদীস: ২৮১) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৪৩)

ভয়ের কথা

☆ ... আল্লাহ পাক ইরশাদ করেন: হে আদম সন্তান! যখন তুমি আমার নেয়ামতসমূহের মধ্যে থেকে আমার অবাধ্যতায় লিপ্ত থাকো, তখন আমাকে ভয় করো, যেন তোমার গুনাহের কারণে আমি তোমাকে ধ্বংস না করে দিই। হে আদম সন্তান! আমাকে ভয় করো এবং যেখানে ইচ্ছা যাও।

(শুআবুল ইমান, ৪/১৪৩, হাদীস: ৪৫৩৫) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৪৫)

শোকর আদায়কারী কুলি (একটি ঘটনা)

☆ ... হযরত বকর বিন আব্দুল্লাহ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ বর্ণনা করেন যে, আমি একজন কুলির সাথে সাক্ষাৎ করলাম, যে বোঝা বহন করার সময় اَلْحَمْدُ لِلّٰهِ এবং اَسْتَغْفِرُ اللّٰه বলছিল। আমি তার অবসর হওয়ার জন্য অপেক্ষা করতে লাগলাম। যখন সে তার পিঠ থেকে বোঝা নামাল, তখন আমি তাকে জিজ্ঞাসা করলাম: তুমি কি এর থেকে ভালো কোনো কাজ করতে পারো না? সে বলল: কেন নয়! আমি ভালো কাজ করতে পারি, কুরআন পাক পড়তে পারি, কিন্তু বান্দা যেহেতু নেয়ামত এবং গুনাহের মধ্যে থাকে, তাই

আমি তার পরিপূর্ণ নেয়ামতের উপর তার শোকর আদায় করি এবং তার কাছে আমার গুনাহের জন্য ক্ষমা চাই। আমি বললাম: এখানের কুলিও বকর বিন আব্দুল্লাহর থেকে বেশি বুদ্ধিমান। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৪৮)

পানির শোকর

★ ... আল্লাহ পাকের প্রিয়তম শেষ নবী ﷺ পানি পান করার সময় এই বাক্যগুলো বলতেন: “أَلْحَمْدُ لِلَّهِ الَّذِي جَعَلَ عَذْبًا فُرَاتًا بِرَحْمَتِهِ وَلَمْ يَجْعَلْهُ” অনুবাদ: সমস্ত প্রশংসা আল্লাহ পাকের জন্য, যিনি নিছক তাঁর রহমতে একে (অর্থাৎ পানিকে) মিষ্টি ও সুপেয় বানিয়েছেন এবং আমাদের (অর্থাৎ উম্মতের) গুনাহের কারণে একে লবণাক্ত ও অত্যন্ত তিক্ত বানাননি। (কিতাবুদ দুআ লিত-ভাবারানী, পৃষ্ঠা ২৮০, হাদীস: ২৮০) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৫০)

সুস্থতা ও শোকর

★ ... একজন আলিমে দ্বীনের বাণী: আমি আমার বিষয়ে চিন্তা-ভাবনা করে দেখলাম, তখন সুস্থতা ও শোকর ছাড়া কোনো কল্যাণকে অকল্যাণ থেকে মুক্ত পাইনি। অনেক লোক বিপদেও শোকরকারী থাকে এবং অনেক লোক সুস্থ থাকা সত্ত্বেও শোকরগুজার হয় না। সুতরাং যখন তোমরা আল্লাহর কাছে চাইবে, তখন এই দুটিই চাইবে। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৫০)

দোষ গোপন রয়েছে

★ ... হযরত সুফিয়ান সাওরী رَحِمَهُ اللهُ عَلَيْهِ বলেন: (আল্লাহ পাকের পক্ষ থেকে বান্দার) দোষ গোপন রাখা সুস্থতার লক্ষণ। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৫০)

ধ্বংস থেকে নিরাপদ

☆ ... হযরত আবুল আলিয়া রুফাই' বিন মেহরান رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আমি আশা করি যে, নেয়ামতের উপর আল্লাহ পাকের শোকর আদায়কারী এবং গুনাহের জন্য ক্ষমাপ্রার্থী বান্দা ধ্বংস হবে না। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৫৭)

নেয়ামতের গুরুত্ব

☆ ... আল্লাহ পাকের মাহবুব صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ ইরশাদ করেন: যখন তোমাদের মধ্যে কেউ আল্লাহ পাকের নেয়ামতের গুরুত্ব জানতে চায়, তখন সে যেন তার থেকে কম নেয়ামতপ্রাপ্তদের দিকে তাকায়, বেশি নেয়ামতপ্রাপ্তদের দিকে নয়। (মুসলিম, পৃষ্ঠা ১২১১, হাদীস: ৭৪৩০) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৫৮)

আয়না দেখে পড়ার দোয়া

☆ ... নবী করীম صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ যখন আয়নায় নিজের নূরানী চেহারা দেখতেন, তখন এই দোয়া পড়তেন: “اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ سَوَّى خَلْقِيْ فَعَدَلَهُ وَكَرَّمَ صُوْرَتَهُ” অর্থাৎ সমস্ত প্রশংসা আল্লাহ পাকের জন্য, যিনি সঠিক পদ্ধতিতে আমাকে সৃষ্টি করেছেন, আমার চেহারাকে সম্মানিত ও সুন্দর বানিয়েছেন এবং আমাকে মুসলমানদের মধ্যে অন্তর্ভুক্ত করেছেন। (শুআবুল ইমান, ৪/১১১, হাদীস: ৪৪৫৮) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৭১)

বিপদের মধ্যে নেয়ামত

☆ ... হযরত হাবীব বিন উবায়দ رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আল্লাহ পাক বান্দাকে যে কোনো বিপদে ফেলেন, তার মধ্যে তাঁর নেয়ামতও থাকে। আর তা

হল, আল্লাহ পাক তাকে এর চেয়ে কঠিন বিপদে ফেলেননি (যদিও তিনি চাইলে এর চেয়েও কঠিন বিপদে ফেলতে পারতেন)। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৭৬)

বিপদ আসার কারণ

★ ... হযরত ওহাব বিন মুনাব্বিহ رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: বিপদ এজন্যই আসে, যাতে এর কারণে বান্দা প্রতিপালকের দরবারে দোয়া করে।

(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৭৭)

নেয়ামতের উপর শোকর করা প্রতিপালকের পছন্দ

★ ... তোমার প্রতিপালক এই বিষয়ের বেশি হকদার যে, তুমি নিজেকে এই বিষয়ে অভ্যস্ত করো যে, তাঁর নেয়ামতের উপর তাঁর শোকর আদায় করবে। তিনি তোমার উপর আগেও অনুগ্রহ করেছেন, এখনও করবেন। আল্লাহ পাকের শপথ! তাঁর শোকর আদায় করা বান্দাদের প্রতিদান দেওয়ার চেয়ে অনেক সহজ, কারণ তিনি বান্দাদের কাছ থেকে এতটুকু শোকরেই সন্তুষ্ট হয়ে যান যে, তারা তাঁর প্রশংসা করে।

(শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৮০)

ঈমানের উপর আল্লাহর শোকর

★ ... হযরত আহমদ رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আমি হযরত আবু মুয়াবিয়া আসওয়াদ رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ কে আরয করলাম: হে আবু মুয়াবিয়া! ঈমান আল্লাহ পাকের কত বড় নেয়ামত? আমরা তাঁর কাছে দোয়া করি যেন তিনি আমাদের থেকে এই নেয়ামত ফিরিয়ে না নেন। তিনি ইরশাদ করলেন: নেয়ামত দানকারীর উপর হক রয়েছে যে, যাকে নেয়ামত দান করবেন, তাকে পরিপূর্ণভাবে দান করবেন। হযরত আবু মুয়াবিয়া আসওয়াদ

ইয়ামান رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আল্লাহ পাক সবচেয়ে বড় দয়ালু, যেই নেয়ামত দান করেন, তা পরিপূর্ণভাবে দান করেন। কোনো আমল করালে তা কবুল করেন। (শোকর কে ফাযাইল, পৃষ্ঠা ৮১)

এক ব্যক্তির বরকতে সকলের চাহিদা পূরণ

☆ ... হযরত আব্দুর রহমান বিন যায়েদ বিন আসলাম رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ ইরশাদ করেন: মজলিসে (কখনও কখনও) এমন এক ব্যক্তি থাকেন যে, সে আল্লাহ পাকের প্রশংসা করে, আর মজলিসের সকলের চাহিদা পূরণ করে দেওয়া হয়। (শোকর কে ফাযাইল, পৃষ্ঠা ৮২)

সবচেয়ে ছোট নেয়ামত

☆ ... হযরত আবু আইয়ুব আহমদ বিন মুহাম্মদ বিন জাবির কুরাইশী رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: হযরত দাউদ عَلَيْهِ السَّلَام আল্লাহর দরবারে আরয করলেন: হে আল্লাহ পাক! আমাকে আপনার সবচেয়ে ছোট নেয়ামত সম্পর্কে সংবাদ দিন। তখন আল্লাহ পাক তাঁর প্রতি ওহী অবতীর্ণ করলেন: হে দাউদ! নিঃশ্বাস নাও। তিনি নিঃশ্বাস নিলেন, তখন আল্লাহ পাক ইরশাদ করলেন: এটি তোমার উপর আমার সবচেয়ে ছোট নেয়ামত। (শোকর কে ফাযাইল, পৃষ্ঠা ৮৩)

খাবারের নেয়ামতের হিসাব হবে না

☆ ... হযরত তামীম বিন সালামা رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আমাকে এই বিষয়ে বলা হয়েছে: যখন বান্দা খাবারের শুরুতে 'بِسْمِ اللَّهِ' পড়ে এবং শেষে 'الْحَمْدُ لِلَّهِ' বলে, তখন তার থেকে খাবারের নেয়ামত সম্পর্কে প্রশ্ন করা হবে না। (শোকর কে ফাযাইল, পৃষ্ঠা ৮৯)

আমার শোকর আদায় করা হোক

☆ ... মহান তাবেয়ি বুয়ুর্গ হযরত হাসান বসরী رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: আল্লাহ পাক যখন হযরত আদম عَلَيْهِ السَّلَام কে সৃষ্টি করলেন, তখন তাঁর ডান পাঁজর থেকে জান্নাতীদের এবং বাম পাঁজর থেকে জাহান্নামীদের বের করলেন এবং তারা জমীনে চলতে লাগল। তাদের মধ্যে কিছু অন্ধ, কিছু বধির এবং কিছু বিপদগ্রস্ত ছিল। তখন হযরত আদম عَلَيْهِ السَّلَام আরয করলেন: হে আমার প্রতিপালক! তুমি আমার সন্তানদের একরকম সৃষ্টি করোনি কেন? তখন আল্লাহ পাক ইরশাদ করলেন: হে আদম! আমি চাই যে, আমার শোকর আদায় করা হোক। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৯২)

আয়না দেখে পড়ার আরও একটি দোয়া

☆ ... হযরত ইমাম মুহাম্মদ বাকির رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: হুযুর নবীয়ে পাক صَلَّى اللَّهُ عَلَيْهِ وَآلِهِ وَسَلَّمَ যখন আয়না দেখতেন, তখন এই দোয়া পড়তেন: “الْحَمْدُ لِلَّهِ الَّذِي خَلَقَنِي فَأَحْسَنَ خَلْقِي وَخُلِقْتُ. وَرَأَى مِنْهُ مَا شَاءَ مِنْ غَيْرِي” অনুবাদ: সমস্ত প্রশংসা আল্লাহ পাকের জন্য, যিনি আমাকে সৃষ্টি করেছেন, আমার আকৃতি এবং আমার চরিত্রকে সুন্দর বানিয়েছেন এবং আমাকে সৌন্দর্য দ্বারা অলঙ্কৃত করেছেন যেখানে অন্যদের দোষ রয়েছে।

(শুআবুল ইমান, ৪/১১১, হাদীস: ৪৪৫৯) (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ৯৯)

জাহান্নামীদের উপরও অনুগ্রহ

☆ ... হযরত আব্দুল্লাহ বিন কাসিম رَحْمَةُ اللَّهِ عَلَيْهِ বলেন: নিঃসন্দেহে জাহান্নামীদের উপরও আল্লাহ পাকের অনুগ্রহ রয়েছে। আর তা এভাবে যে,

যদি আল্লাহ পাক চাইতেন, তাহলে তাদের এর থেকেও কঠিন আযাবে ফেলতে পারতেন। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ১০১)

পানি পানকারীর জন্য শোকর করা আবশ্যিক

☆... সমস্ত মুসলমানদের প্রিয় আম্মাজান হযরত বিবি আয়েশা সিদ্দিকা رَضِيَ اللَّهُ عَنْهَا বলেন: যে বান্দা বিশুদ্ধ (ঠান্ডা ও মিষ্টি) পানি পান করে এবং তা কোনো কষ্ট ছাড়াই (শরীরে) প্রবেশ করে আরকোনো কষ্ট ছাড়াই বাইরে বেরিয়ে আসে, তার উপর শোকর করা আবশ্যিক। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ১০৪)

এক বুদ্ধিমানের চিঠি

☆... হযরত আলী বিন আব্দুর রহমান رَحِمَهُ اللَّهُ عَلَيْهِ বর্ণনা করেন: এক বুদ্ধিমান ব্যক্তি তার ভাইয়ের নামে একটি চিঠি লিখেছিল: (যার বিষয়বস্তু ছিল) হে আমার ভাই! আমরা আল্লাহ পাকের এমন অসংখ্য নেয়ামতের সাথে সকাল করি যে, সেগুলো গণনা করা যায় না, যদিও আমাদের অবাধ্যতা অনেক বেশি। আমরা জানি না যে, কোন বিষয়ে আল্লাহ পাকের শোকর আদায় করব, অবিরত প্রাপ্ত নেয়ামতের জন্য, নাকি এই জন্য যে, তিনি আমাদের অন্যান্যগুলো গোপন রেখেছেন। (শোকর কে ফাযায়িল, পৃষ্ঠা ১০৫)

তাড়াহড়োর সংজ্ঞা

☆... চিন্তা-ভাবনা ছাড়া কোনো কাজ করাকে "তাড়াহড়ো" বলা হয়। একে 'আজলত'ও বলা হয়। যদি মানুষ তার কাজগুলো চিন্তা-ভাবনা ও বিবেচনার পর শুরু করে, তবে তাকে 'তাওয়াক্কুফ' (অর্থাৎ বিরতি) বলা হয়। আর কাজ ধীরে-সুস্থে ও আরামে করা যাতে কাজটি ভালোভাবে

সম্পন্ন হয়, তাকে 'তাহাম্মুল' ও 'বুরদবারী' (ধৈর্য) বলা হয়। বীজ থেকে চারা, চারা থেকে গাছ এবং গাছ ফলবান হতে কিছুটা সময় তো লাগেই।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১১-১২)

ভালোকে মন্দ এবং মন্দকে ভালো মনে করা

★ ... যতক্ষণ পর্যন্ত কোনো কাজের জ্ঞান অর্জন না হয়, ততক্ষণ পর্যন্ত তাতে তাড়াহুড়ো করা উচিত নয়। কারণ তাড়াহুড়োতে মানুষ ভালোকে মন্দ এবং মন্দকে ভালো মনে করে। (জলদবাজি, পৃষ্ঠা ১৪-১৫)

★ ... আরবী প্রবাদ আছে: "إِنْ لَمْ تَسْتَعْجِلْ تَصِلْ" অর্থাৎ যদি তুমি তাড়াহুড়ো না করো, তবে তুমি তোমার গন্তব্যে পৌঁছে যাবে। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৭)

★ ... যে ব্যক্তি অভিজ্ঞতা থেকে উপকৃত হয় না, সে সফল হতে পারে না। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৮)

★ ... তাড়াহুড়োকে اُمُّ النَّدَامَةِ (অর্থাৎ অনুশোচনার মা) বলা হয়েছে।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৮)

রাসূলে পাক ﷺ এর সাথে সাদৃশ্যপূর্ণ নামায

★ ... হযরত ইমাম মালিক رَحْمَةُ اللهِ عَلَيْهِ হযরত উমর বিন আব্দুল আযীয رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর পেছনে নামায পড়েছিলেন। তার হযরত উমর বিন আব্দুল আযীয رَحْمَةُ اللهِ عَلَيْهِ এর নামায পছন্দ হলো এবং তিনি বলেছিলেন: আমি এই যুবকের চেয়ে রাসূলুল্লাহ ﷺ এর সাথে বেশি সাদৃশ্যপূর্ণ নামায পড়তে কাউকে দেখিনি। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ২৮)

★ ... নিঃসন্দেহে এমন তাজবীদ, যার দ্বারা তাজবীদের নিয়ম অনুযায়ী অক্ষরগুলো সঠিক মাখরাজ থেকে আদায় করা হয় এবং ভুল পড়া থেকে বাঁচা যায়, তা ফরযে আইন। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৩৬)

তারাতে ইমামকে কিরাতে বিরক্ত করা

☆ ... নিজের হিফয জাহির করার জন্য সামান্য সন্দেহে ইমামকে থামানো রিয়া। ইমামকে বিরক্ত করার জন্য বারবার লোকমা দেওয়া প্রকৃতপক্ষে ইহুদিদের কাজ এবং لَا تَسْعَوْا هَذَا الْقُرْآنَ وَالْغُفَايَةَ এর হুকুমের অন্তর্ভুক্ত।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৪২-৪৩)

ওয়াযিফার ফল লাভের শর্তাবলী

(১) পূর্ণ বিশ্বাস (২) ধৈর্য ও সহিষ্ণুতা (৩) জামায়াত সহকারে নিয়মিত নামায আদায়। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৫৫)

☆ ... মহান সাহাবীয়া হযরত আসমা বিনতে আবু বকর সিদ্দীক رَضِيَ اللَّهُ عَنْهَا বলেন: বিবাহ করা নারীকে দাসী বানানোর সমতুল্য, তাই ভালোভাবে চিন্তা করা উচিত যে, সে তার মেয়েকে কোথায় বিবাহ দিচ্ছে।

(জলদবাজি কে নুকসানাত জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৫৮)

☆ ... দীর্ঘ চেষ্টার পরেও কোনো বিভাগে সফলতা না পেলে বুদ্ধিমান ইসলামী ভাইয়ের সাথে পরামর্শ করে বিভাগ পরিবর্তন করে নিন।

(জলদবাজি কে নুকসানাত জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৭৫)

তৃপ্তির কারণে গুনাহ করা

☆ ... তৃপ্তির কারণে গুনাহ করো না, তৃপ্তি শেষ হয়ে যাবে কিন্তু গুনাহ রয়ে যাবে। আর কষ্টের কারণে নেকী ছেড়ে দিও না, কষ্ট শেষ হয়ে যাবে কিন্তু নেকী রয়ে যাবে। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৮৯)

অজ্ঞের বৈশিষ্ট্য

☆ ... كَثْرَةُ الْإِنْتِفَاطِ وَسُرْعَةُ الْجَوَابِ ... অর্থাৎ খুব বেশি এদিক-ওদিক তাকানো এবং উত্তর দিতে তাড়াহুড়োকারী। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৯৪)

বিশ্বাসের পরিবেশের সমাপ্তি

☆ ... কোনো ধর্মীয় সংগঠনের সাথে যুক্ত ব্যক্তিদের মধ্যে কু-ধারণা এসে গেলে নিগরান ও অধীনস্থদের মধ্যে বিশ্বাসের পরিবেশ শেষ হয়ে যায়। অনেক সময় কাজ দেখতে খারাপ লাগে কিন্তু বাস্তবে তা এমন হয় না, কারণ হতে পারে যে কাজটি করছে সে ভুলে করছে অথবা যে দেখছে সে-ই ভুল করছে। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ৯৪)

☆ ... দেরিতে পৌঁছানো না পৌঁছানোর চেয়ে ভালো।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১০৩)

☆ ... তাড়াহুড়ো করা সাজানো খেলা নষ্ট করে দেয়।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১০৮)

সংশোধনের পদ্ধতি

☆ ... সাহাবীয়ে রাসূল হযরত আবু দারদা رَضِيَ اللَّهُ عَنْهُ বলেন: মানুষের সামনে কাউকে বোঝানো তাকে অপমান করার সমতুল্য আর একান্তে বোঝানো তাকে সজ্জিত করার সমতুল্য। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১০৮)

চাহিদার উত্তর

☆ ... হযরত উমর বিন আব্দুল আযীয رَحِمَهُ اللَّهُ عَلَيْهِ কে জিজ্ঞাসা করা হয়েছিল: مَا يَشْتَهُ؟ অর্থাৎ আপনার চাহিদা কী? তিনি বললেন: مَا يَفْضَى اللَّهُ অর্থাৎ যা আল্লাহ পাকের হুকুম। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১০৯)

★ ... মানুষের অনুগ্রহ ও উৎকর্ষতার সৌন্দর্য্য (অর্থাৎ যোগ্যতা) কথা বলার পরেই প্রকাশ পায়। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১১৯)

★ ... রাসূলে পাক ﷺ ইরশাদ করেন: কাজ চিন্তা-ভাবনা দ্বারা করো, তারপর যদি এর পরিণামে মঙ্গল দেখো, তবে করে ফেলো। আর যদি পথভ্রষ্টতার ভয় করো, তবে বিরত থাকো।

(শরহস সুন্নাহ লিল বাগাজী, ৬/৫৪৫, হাদীস: ৩৪৯৪)

হাদীসের ব্যাখ্যা: যে কাজ করতে চাও, প্রথমে তার পরিণাম চিন্তা করো, তারপর কাজ শুরু করো। যদি কোনো কাজের পরিণামে দ্বীনি বা দুনিয়াবী ক্ষতি দেখতে পাও, তবে কাজ শুরুই করো না। আর যদি শুরু করে থাকো, তবে বিরত থাকো, তা শুরু করো না।

(মিরাতুল মানাজীহ, ৬/৬২৬) (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১২৮)

হাদীস শরীফে রয়েছে: ধৈর্য সব কিছুতে হওয়া উচিত, আখেরাতের কাজ ছাড়া। (আবু দাউদ, ৪/৩৩৫, হাদীস: ৪৮১০) (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৩৬)

★ ... শয়তান ভাল কাজে দেরি করিয়ে তারপর তা থেকে বিরত রাখে।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৩৬)

★ ... জানাবত (অর্থাৎ গোসল ফরয হওয়া) অবস্থায় কমপক্ষে ওয়ু করে ঘুমানো উচিত। (বাহারে শরীয়তে রয়েছে: যার উপর গোসল ওয়াজিব, তার উচিত গোসলে দেরি না করা। যদি এত দেরি করে যে, নামাযের শেষ সময় এসে গেছে, তবে এখন গোসল করা ফরয, এখন দেরি করলে গুনাহগার হবে। (বিস্তারিত তথ্যের জন্য ‘বাহারে শরীয়ত’ ১ম খণ্ড, ২য় অংশ, পৃষ্ঠা ৩২৫ অধ্যয়ন করুন)। হাদীস শরীফে রয়েছে: যে ঘরে জুনুবী (গোসলবিহীন ব্যক্তি) থাকে, সে ঘরে রহমতের ফেরেশতা আসে না।

(আবু দাউদ, ১/১০৯, হাদীস: ২২৭) (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৪৬)

☆ ... হাদীস শরীফে রয়েছে: তাওবা করতে দেরি করা থেকে বাঁচো, কারণ মৃত্যু দ্রুত এসে যায়।

(আত-তারগীব ওয়াত-তারহীব, ৪/৪৮, নম্বর: ১৮) (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৪৭)

কারো সংশোধনে দেরি করবেন না

☆ ... কাউকে কোনো মন্দ কাজে লিপ্ত দেখে সুন্দরভাবে নম্র ও মমতার সহিত তার সংশোধনে দেরি করবেন না। (জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৫৫)

☆ ... যদি জুমার নামাযের আগে জানাযা তৈরি হয়ে যায়, তবে বড় জামাতের অপেক্ষা না করে জানাযা পড়ে নেওয়া উচিত।

(জলদবাজি কে নুকসানাত, পৃষ্ঠা ১৫৬)

সূচীপত্র

প্রথমে এটি পড়ুন.....	১
আভারের দোয়া:	২
দরুদ শরীফের ফযিলত	২
“শোকর কে ফাযায়িল” কিতাব থেকে কিছু গুরুত্বপূর্ণ বিষয়	২
নেয়ামত মৃত্যু পর্যন্ত স্থায়ী থাকবে	৩
শোকরের ভিত্তি	৩
নেয়ামতের উপর নেয়ামত	৪
নেয়ামতসমূহ স্মরণের মাধ্যমে আল্লাহর ভালবাসা বৃদ্ধি পায়	৪
প্রতিপালকের দরবারে উপস্থিতি	৪
ভয়ের কথা	৫
হযরত দাউদ عَلَيْهِ السَّلَام এর শোকর	৫
আল্লাহর যিকিরে জিহ্বা সিক্ত	৫
আফসোস! অবাধ্যতার পরও পুরস্কারের বর্ষণ	৬
ক্ষমার সুসংবাদ	৬
ক্ষমা করে দেওয়া হয়	৬
ভয়ের কথা	৭
শোকর আদায়কারী কুলি (একটি ঘটনা)	৭

পানির শোকর	৮
সুস্থতা ও শোকর	৮
দোষ গোপন রয়েছে	৮
ধ্বংস থেকে নিরাপদ	৯
নেয়ামতের গুরুত্ব	৯
আয়না দেখে পড়ার দোয়া	৯
বিপদের মধ্যে নেয়ামত	৯
বিপদ আসার কারণ	১০
নেয়ামতের উপর শোকর করা প্রতিপালকের পছন্দ	১০
ঈমানের উপর আল্লাহর শোকর	১০
এক ব্যক্তির বরকতে সকলের চাহিদা পূরণ	১১
সবচেয়ে ছোট নেয়ামত	১১
খাবারের নেয়ামতের হিসাব হবে না	১১
আমার শোকর আদায় করা হোক	১২
আয়না দেখে পড়ার আরও একটি দোয়া	১২
জাহান্নামীদের উপরও অনুগ্রহ	১২
পানি পানকারীর জন্য শোকর করা আবশ্যিক	১৩
এক বুদ্ধিমানের চিঠি	১৩
তাড়াহুড়োর সংজ্ঞা	১৩
ভালোকে মন্দ এবং মন্দকে ভালো মনে করা	১৪
রাসূলে পাক ﷺ এর সাথে সাদৃশ্যপূর্ণ নামায	১৪
তারাবীতে ইমামকে কিরাতে বিরক্ত করা	১৫
ওয়াযিফার ফল লাভের শর্তাবলী	১৫
তৃপ্তির কারণে গুনাহ করা	১৫
অজ্ঞের বৈশিষ্ট্য	১৬
বিশ্বাসের পরিবেশের সমাপ্তি	১৬
সংশোধনের পদ্ধতি	১৬
চাহিদার উত্তর	১৬
কারো সংশোধনে দেরি করবেন না	১৮

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعَالَمِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِ الْمُرْسَلِيْنَ اِنَّا بَعْدُ قَاغُوْذُ بِالْقَلَمِ مِنَ الشَّيْطٰنِ الرَّجِيْمِ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ



মাকতাবাতুল মদীনার বিভিন্ন শাখা

হেড অফিস : ১৮২ আব্দরকিদ্দা, চট্টগ্রাম। মোবাইল: ০১৭১৪১১২৭২৬

ফয়যানে মদীনা জামে মসজিদ, জনপথ মোড়, সায়েদাবাদ, ঢাকা। মোবাইল: ০১৯২০০৭৮৫১৭

আল-ফাতহা শপিং সেন্টার, ২য় তলা, ১৮২ আব্দরকিদ্দা, চট্টগ্রাম। মোবাইল ও বিকাশ নং: ০১৮৪৫৪০৩৫৮৯

কাশ্মীরীপাট্টা, মাজার রোড, চকবাজার, কুমিল্লা। মোবাইল: ০১৭৯৪৭৮১৩২৬

পুরাতন বাবুপাড়া ফয়যানে শাহজালাল মসজিদ নিয়ামতপুর, সৈয়দপুর, নীলফামারী। মোবাইল: ০১৮৭৬৮৪৫০৩৪

E-mail: bdmaktabatulmadina26@gmail.com, banglatranslation@dawateislami.net, Web: www.dawateislami.net